

গ্রীন পলিসি (Green Policy)

১ নীতিমালার উদ্দেশ্যসমূহ

- ক. কোস্ট ট্রাস্ট স্থায়িত্বশীল উন্নয়নে বিশ্বাস করে। এ বিশ্বাস থেকেই বায়ুমন্ডলে কার্বন উদগীরণ (Carbon Footprint) কমানোর প্রচেষ্টাকে সমন্বিত রাখার জন্যই এ নীতিমালা।
- খ. সম্ভাব্য Recycling System এবং সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে সংস্থার সকল পর্যায়ে খরচ কমানো।
- গ. সংস্থার সকল সহকর্মীদের ভিতর স্থায়িত্বশীল এবং পরিবেশ বান্ধব ধ্যান ধারণাকে লালন করা।

২ যাতায়াত

- ক. সংস্থার কর্মীদের সকল যাতায়াত হবে ব্যয়সাশ্রয়ী।
- খ. চরফ্যাশন, ভোলা, নোয়াখালী, কক্সবাজার শহরে কোন যান ব্যবহার না করে পায়ে হেঁটে কাজ সারতে হবে। শাখা কার্যালয়ের ২ কিঃমিঃ পর্যন্ত দূরত্বের মধ্যে কোনো জ্বালানিনির্ভর যানবাহন ব্যবহার করা যাবে না। তবে ব্যাংকিং এর ক্ষেত্রে এর ব্যতিক্রম হতে পারে।
- গ. যে দিকে অংশগ্রহণকারী বেশি সে দিকের কোনো ভেন্যুতে সংস্থার নির্ধারিত মিটিং আয়োজন করতে হবে।

৩ আবাসন

- ক. বাইরে অবস্থান করার সময় প্রয়োজনে রাত্রি যাপন করতে হলে এমন হোটেল/Guest House ব্যবহার করতে হবে যারা পরিবেশবান্ধব নীতি মেনে চলেন।

৪ প্রতিবেদন/পরিপত্র প্রিন্টিং

- ক. বাজেট, প্রশাসনিক ব্যবস্থা, ডোনার প্রতিবেদন, বেতন শিট, ব্যাংক ট্রান্সফার, সংস্থার বহিঃনিরীক্ষা প্রতিবেদন এবং সমিতির কালেকশন সিট ছাড়া কোনও ডকুমেন্ট প্রিন্ট করা যাবে না। এছাড়া অন্য কোনবিষয় প্রিন্ট করতে হলে সরাসরি পরিচালক থেকে লিখিত অনুমোদন নিতে হবে।
- খ. অফিসিয়েল পরিপত্র, নীতিমালা, ম্যানুয়ালের Electronic কপি ডেস্কটপ, ল্যাপটপে বা Pen Drive এ সংরক্ষণ করতে হবে। তাছাড়া এগুলো সংস্থার ওয়েবসাইটেও তুলে রাখতে হবে।
- গ. সকল প্রিন্ট বা ফটোকপি উভয় পৃষ্ঠায় করতে হবে।
- ঘ. লেখার Font সাইজ কোন অবস্থাতেই “১১” এর উপর হবে না। সংস্থার ক্ষেত্রে ইংরেজী লেখার জন্য Calibri এবং বাংলা লেখার জন্য RinkyMJ ব্যবহার করতে হবে। সকল ক্ষেত্রেই Single Line Space ব্যবহার করতে হবে। পৃষ্ঠার উপরে, নিচে, ডানে এবং বামে ০.৫ ইঞ্চি Margin রাখতে হবে। তবে দাতা সংস্থার ক্ষেত্রে তাদের নির্দেশনা অনুযায়ী Font, Size এবং Margin রাখতে হবে।

৫ বিদ্যুৎ, গ্যাস এবং পানি সাশ্রয়

- ক. রুমে অপ্রয়োজনীয় বাতি জ্বালিয়ে রাখা যাবে না।
- খ. রুম থেকে বের হওয়ার সময় ফ্যান, লাইট, এসির Switch off করতে হবে এবং এদের অপ্রয়োজনীয় ব্যবহার বন্ধ করতে হবে।
- গ. প্রয়োজন ছাড়া প্রিন্টার, ফটোকপিয়ার, ডেস্কটপ কম্পিউটার এবং ল্যাপটপের Screen, IT যন্ত্রপাতি প্রভৃতির Switch of করে রাখতে হবে।
- ঘ. বাথরুম ব্যবহার করে বের হয়ে আসার সময় বাথরুমের লাইট Switch off করতে হবে। তবে যদি বাথরুমে পর্যাপ্ত আলো থাকে তাহলে বাথরুমের লাইট ব্যবহার না করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- ঙ. অক্টোবর থেকে মার্চ পর্যন্ত এসি ব্যবহার করা যাবে না।
- চ. জেনারেটর চললে কোনও রুমে একটির বেশি লাইট জ্বালানো যাবে না।
- ছ. অপ্রয়োজনে রান্না ঘরের গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা যাবে না।
- জ. পানির ট্যাপ ততটুকুই ছাড়তে হবে যেটুকু প্রয়োজন এবং প্রয়োজন শেষে ট্যাপ যথারীতি বন্ধ করতে হবে। ট্যাপ ছেড়ে Shave করা যাবে না। মগে পানি নিয়ে Shave করতে হবে।
- ঝ. গাড়ি যখন ট্রাফিক জ্যামে পড়ে বা Signal এ পড়ে তখন গাড়ির ইঞ্জিন বন্ধ করে রাখতে হবে।
- ঞ. কোন ভবনে উঠার সময় Lift or Escalator ব্যবহার করলেও নামার সময় Lift or Escalator ব্যবহার না করে সিঁড়ি ব্যবহার করে নামতে হবে।

৬ পুনর্ব্যবহার (Recycling)

- ক. কোনও বিষয় **Draft** করার জন্য এক পৃষ্ঠা ব্যবহার করা কাগজে করতে হবে।
- খ. কোনও **Draft** প্রিন্টিং এর জন্য এক পৃষ্ঠা ব্যবহার করা কাগজে প্রিন্ট দিতে হবে।
- গ. নির্বাচনী পরীক্ষার সময় লিখিত পরীক্ষায় উভয় পৃষ্ঠা ব্যবহার করার জন্য পরীক্ষার্থীদেরকে নির্দেশনা দিতে হবে।
- ঘ. অফিসের ময়লা আবর্জনা, রান্না ঘরের উচ্ছৃষ্ট, ব্যবহার পরবর্তী বোতল, ক্যান, প্যাকেট, কলম যত্রতত্র না ফেলে রুমে রাখা ময়লার পুড়িয়ে রাখতে হবে যাতে করে ময়লা বহনকারী ভ্যান/গাড়ি সেগুলো নিয়ে যেতে পারে।
- ঙ. কাগজ পুড়িয়ে, রান্না ঘরের উচ্ছৃষ্ট পুড়িয়ে সার বানাতে হবে। তাছাড়া অফিস অ্যাঞ্জিনার লতাপাতা পচিয়েও সার বানাতে হবে।

৭ অন্যান্য শর্ত

- ক. অফিসে কোন প-স্টিক বোতল ব্যবহার করা যাবে না।
- খ. অফিসের অ্যাঞ্জিনায় **Poly bag** নেয়া যাবে না এবং কেউ **Poly bag** ব্যবহার করতে পারবে না। কাঁচা বাজার করার সময় কাপড়ের ব্যাগ সাথে নিয়ে বাজারে যান।
- গ. প্রতি কর্মী নিজস্ব গ-স ও থালা ব্যবহার করবেন এবং কাচের বোতল রাখবেন। তিনি নিজেই এগুলোর পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।
- ঘ. স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য ব্যবহার করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত খাদ্য বা পণ্য ক্রয় থেকে বিরত থাকুন। রাসায়নিক সার ও কীটনাশকমুক্ত খাবার (**Organic food**) ব্যবহার করুন এবং খাবার নষ্ট করা থেকে বিরত থাকুন।